স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরে উদ্ভাবনী কার্যক্রমের শোকেসিং এর জন্য নির্বাচিত ১২টি উদ্ভাবনী পাইলট প্রকল্পের তালিকাঃ

	ইনোভেশনের নাম	**ইনোভেশনের** সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম, পদবি, ফোন ও ই-মেইল
১.	নিরাপদ মাতৃত্ব নিশ্চিতকরণ এবং মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার কমানোর অনলাইন পর্যবেক্ষণ সফটওয়্যার	নিরাপদ মাতৃত্ব নিশ্চিতকরণ এবং মাতৃমৃত্যু ও শিশু মৃত্যু হার কমানোর অনলাইন পর্যবেক্ষণ সফটওয়্যার-এ প্রাথমিকভাবে গর্ভবতীর নাম, স্বামীর নাম, বয়স, সন্তান সংখ্যা, কত তম গর্ভ, শেষ মাসিকের তারিখ, মৃত জন্মের সংখ্যা, এবরসন, শেষ প্রসবের সময় সন্তানের অবস্থা, মোবাইল নাম্বার, সম্ভাব্য প্রসবের তারিখ, প্রসবের সঠিক তারিখসহ প্রসব পরবর্তি ৭২ঘন্টা ফলোআপের তথ্য অনলাইন সফটওয়্যারে আপলোড করা হচ্ছে। সফটওয়্যার নিজ থেকেই শেষ মাসিকের তারিখের সাথে সমন্বয় করে প্রসবের সম্ভাব্য তারিখ নির্ধারণ করে থাকে। পরবর্তিতে সম্ভাব্য প্রসবের তারিখের ১৪দিন পূর্ব থেকে পরিবার কল্যাণ সহকারীগণ মাঠ পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং মেডিকেল অফিসার(এসিএইচ-এপি)গণ সরাসরি যোগাযোগের বা মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করে মাঠ কর্মীদের নিয়মিতভাবে ফলোআপ করে থাকেন এবং উক্ত তথ্য সফটওয়্যারে আপলোড করে থাকেন। এ পর্যায়ে মাঠকর্মী এবং কর্মকর্তাগণ সেবা গ্রহণকারীদের প্রসবপূর্ব সেবা, প্রাতিষ্ঠানিক প্রসবসেবা এবং প্রয়োজনীয় অন্যান্য পরামর্শ দিয়ে থাকেন। পরবর্তিতে মাঠ কর্মী এবং কর্মকর্তাগণ প্রসব সেবা এবং প্রসব পরবর্তি ৭২ঘন্টা নিবিড় ফলোআপ করে থাকেন এবং সে সকল তথ্য নিয়মিতভাবে সফটওয়্যারে আপলোড করে থাকেন। উপজেলা পর্যায়ে আপলোডকৃত সে সকল তথ্য পূনরায় যাচাই করা হয়ে থাকে এবং যাচাইয়ের তথ্য ও সফ্টওয়্যারে আপলোড করা হয়ে থাকে। জুন’২০১৭ থেকে নভেম্বর	সরাসরি মাঠপর্যায় হতে সংগ্রহীত মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সকল তথ্য জন্মের ৭২ ঘন্টা এবং জন্ম পরবর্তী ২৮ দিনের মধ্যে মাতৃ মৃত্যু হার ও নবজাতকের মৃত্যু হার নির্ণয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।	জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চাঁদপুর। ddchandpur@dgfp.gov.bd	জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চাঁদপুর। ddchandpur@dgfp.gov.bd

	ইনোভেশনের নাম	**ইনোভেশনের** সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম, পদবি, ফোন ও ই-মেইল
		২০১৭ পর্যন্ত পরীক্ষামূলক কার্যক্রম চাঁদপুর সদর উপজেলার লক্ষীপুর মডেল ইউনিয়নে শুরু করা হয় । পরবর্তীতে ৮টি উপজেলার প্রত্যেকটির ১টি করে ৮টি ইউনিয়নে এ কার্যক্রম চলমান রয়েছে। জেলা পর্যায়ে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, চাঁদপুর এবং জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয় এ সকল তথ্য নিয়মিত মনিটরিং করে থাকেন । সফটওয়্যারে সকল তথ্য কালার কোডের মাধ্যমে প্রদর্শিত হয়ে থাকে।			
২.	Smart MCH Service Management Software	এই Software এর মাধ্যমে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার সকল (১১টি) ইউনিয়নে সকল গর্ভবতী মায়ের (৩২ টি তথ্য সম্বলিত) একটি ডাটা বেইজ তৈরী করা হয়েছে। এর মাধ্যমে গর্ভবতীর ৪ বার প্রসবপূর্ব (ANC) সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে। গর্ভবতী মা কখন, কোথায় এবং কার কাছ থেকে কোন সেবা গ্রহণ করবেন তা সেবা গ্রহণের তিনদিন পূর্বে ঐ গর্ভবতী মায়ের মোবাইল ফোনে বাংলায় SMS এ জানানো হচ্ছে। SMS-এ নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্রের নাম ও সেবাপ্রদানকারী ব্যক্তির মোবাইল ফোন নম্বর (কর্পোরেট নম্বর) উল্লেখ থাকছে। গর্ভবতী মাকে সেবাদানের জন্য নম্বরটি ২৪ ঘন্টা চালু রাখার ব্যবস্থা করা হয়েছে। ২০১৭ সালে ডিসেম্বরে পাইলট শুরু হয়। এ পর্যন্ত ২৯৫০০ এর অধিক বার গর্ভবতী মায়ের মোবাইল ফোনে এসএমএস প্রেরণ করা হয়েছে।	উপজেলার সকল গর্ভবতীর ডাটা বেইজ তৈরী করে নিয়মিত বাংলায় SMS প্রেরণের মাধ্যমে গর্ভবতী মায়েদের মধ্যে প্রসবপূর্ব (ANC), প্রসবকালীন ও প্রসবপরবর্তী (PNC) সেবা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।	জনাব মোহাম্মদ আব্দুর রহিম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর। মোবাইল: ০১৭১৫৭৯৬৯৫৯ ই-মেইল: ufpokapasia@gmail.com	জনাব লাজু শামসাদ হক উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, গাজীপুর ফোন (দাপ্তরিক): ০২৪৯২৬২৫৬৩ মোবাইল: ০১৮১৮১৭৮১২৫ ই-মেইল: dfpo1@yahoo.com
৩.	পরিবার কল্যাণ মাতৃসঙ্ঘ (Family Welfare Mothers Club)	একটি ওয়ার্ডের যতগুলো বাড়ি আছে, প্রত্যেক বাড়ি হতে একজন করে বিবাহিত এবং সামাজিক কর্মকাণ্ডে আগ্রহী মহিলাকে সদস্য হিসেবে নিয়ে পরিবার কল্যাণ মাতৃসঙ্ঘ গঠন এবং তাদের কার্যকর অংশগ্রহণের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য সেবা, কৈশোরকালীন স্বাস্থ্য সেবায় শতভাগ সফলতা অর্জন, বাল্য বিবাহ মুক্ত সমাজ	স্থানীয় সম্পদ এবং উদ্যোগকে কাজে লাগিয়ে, জন-অংশগ্রহণ নিশ্চিত করে কর্মসূচিকে সফল করা সহজতর হবে এবং উদ্দিষ্ট জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থারও উন্নতি হবে।	জনাব ইফতেখার আহ্‌মেদ চৌধুরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেনীসদর, ফেনী।	জনাব ইফতেখার আহ্‌মেদ চৌধুরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেনীসদর, ফেনী। ফোনঃ ০৩৩১-৬১১৭৯, মোবাইলঃ ০১৭১২০৮০০১১ ই-মেইল :

	ইনোভেশনের নাম	**ইনোভেশনের** সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম, পদবি, ফোন ও ই-মেইল
		গড়া এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন । প্রকল্পের পাইলটিং এলাকা : প্রকল্প এলাকা - ইউনিট : ২/ক, ওয়ার্ড : ০৬, গ্রাম : পশ্চিম ছনুয়া, ইউনিয়ন : ছনুয়া, উপজেলা : ফেনী সদর, ফেনী । প্রকল্প বাস্তবায়নের সময়কাল : প্রকল্প শুরু : জানুয়ারী, ২০১৮ খ্রিস্টাব্দ এবং প্রকল্প সমাপ্ত এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ ।			iftekharchy71@yahoo.com
৪.	মা সমাবেশ	প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইউনিয়নের সকল গর্ভবতী ও দুগ্ধদাত্রী মাদের সমাবেশ করে এএনসি সেবা , প্রয়োজনীয় রক্ত/মুত্র পরীক্ষা, স্বাস্থ্য শিক্ষা প্রদান, আয়রন/ফলিক এসিড প্রদান , প্রয়োজনীয় ঔষধপত্র ও সেবা প্রদান করা ও তাদের মোবাইল ফোনে ট্রেকিং /যোগাযোগ স্থাপন করা পাইলট এলাকা ও সময়কালঃ কুতুবদিয়া উপজেলাধীন কৈয়ারবিল ইউনিয়ন। জুলাই/২০১৭--জুন/২০১৮ পর্যন্ত।	এএনসি, পিএনসি সেবা ও মান বৃদ্ধি, দুগ্ধদাত্রী মাদের পুষ্টির মান উন্নয়ন , প্রাতিষ্ঠানিক প্রসব সেব বৃদ্ধির পথ প্রসস্থ করণ সহজতর করা যায়।	জনাব বিধান কান্তি রুদ্র, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কুতুবদিয়া, কক্সবাজার ০১৮১৯-৭২৪২৮০ bidhankantirudra@yahoo.com	জনাব বিধান কান্তি রুদ্র উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কুতুবদিয়া, কক্সবাজার ০১৮১৯-৭২৪২৮০ bidhankantirudra@yahoo.com
৫.	ডিজিটাল সেবায় গর্ভবতী মা	গর্ভবতী মায়ের মোবাইল নাম্বারসহ সঠিক ডাটাবেজ তৈরী করা এবং তৈরীকৃত ডাটাবেজ ডিজিটালাইজেশন করা। ডাটা কম্পিউটারে এক্সেল সিটে এমনভাবে ডাটা সিট করা, শেষ মাসিকের তারিখ (এলএমপি)'র তারিখ ইনপুট করার সাথে সাথে গর্ভবতী মায়ের প্রসব পরবর্তী সেবার তারিখ ও প্রসব সেবার তারিখ স্বয়ংক্রিয়ভাবে হবে এবং নির্দিষ্ট সময়ে ডাটা সিটে তারিখের ঘর গুলো লাল রং ধারণ করবে, তখন সেবাদানকারী সহজে চিহ্নিত করতে পারবে কোন্ কোন্ মাকে চলতি মাসে সেবা প্রদান করতে হবে। অত:পর সেবাদানকারী মোবাইলে গর্ভবতী মাকে তার সেবা সম্পর্কে অবহিত করতে পারবে। এই সেবা বাস্তবায়ন করতে পারলে, আশান্বিত সেবা দেওয়া সম্ভব হবে।	গর্ভবতী মায়েরা যাতে কম সময়ে কম কষ্টে সেবাকেন্দ্রে এসে কাঙ্খিত সেবা নিতে পারে। ডাটাবেইজে গর্ভবতী মায়ের সেবা প্রদানের তারিখ স্বয়ংক্রিয়ভাবে হবে এবং নির্দিষ্ট সময়ে ডাটা সিটে তারিখের ঘর গুলো লাল রং ধারণ করবে, তখন সেবাদানকারী সহজে চিহ্নিত করতে পারবে কোন্ কোন্ মাকে চলতি মাসে সেবা প্রদান করতে হবে। অত:পর সেবাদানকারী মোবাইলে গর্ভবতী মাকে তার সেবা সম্পর্কে অবহিত করা যাবে।	জনাব মোঃ কামাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চরফ্যাশন, ভোলা। মোবাইল-০১৭১২২৩১৪১১ ইমেইল- mkh2314@gmail.com	জনাব মোঃ কামাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চরফ্যাশন, ভোলা। মোবাইল-০১৭১২২৩১৪১১ ইমেইল: mkh2314@gmail.com

	ইনোভেশনের নাম	**ইনোভেশনের** সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম, পদবি, ফোন ও ই-মেইল
৬.	দম্পতি সেবা কার্ডের মাধ্যমে অস্থায়ী কর্মজীবী দম্পতিদের পরিবার পরিকল্পনা সেবা	শিল্প এলাকায় অস্থায়ী কর্মজীবী দম্পতিদের (ভাসমান দম্পতি) রেজিস্ট্রেশন না করায় তারা সরকারী সেবা থেকে বঞ্চিত হয়। তাই দম্পতি সেবাকার্ডের মাধ্যমে তাদেরকে সরকারী পরিবার পরিকল্পনা সেবার অন্তর্ভুক্ত করা হয়। এর মাধ্যমে তারা ফ্রীতে সেবা নিতে পারছেন এবং কার্ড দেখিয়ে অন্য এলাকায় গিয়েও সেবা নিতে পারবেন। গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার তেলিহাটি ইউনিয়নে ভাসমান ৩৩৮ জন সক্ষম দম্পতিকে সেবা কার্ড দেয়া হয়েছে।	অস্থায়ী কর্মজীবী দম্পতিরা রেজিস্টারভুক্ত না থাকায় তারা সরকারী সেবা থেকে বঞ্চিত হন এবং সেবাটি ক্রয় করেন। এই উদ্ভাবনের মাধ্যমে তারা ফ্রীতে সেবাটি পাচ্ছেন এবং স্থানান্তর হলেও সরকারী সেবার অন্তর্ভুক্ত থাকতে পারবেন।	জনাব জিনাত শারমিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, শ্রীপুর, গাজীপুর। মোবাইল: ০১৯১৮১২৬৯৬০ ইমেইল: jinatsharmin@gmail.com	জনাব জিনাত শারমিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, শ্রীপুর, গাজীপুর। মোবাইল: ০১৯১৮১২৬৯৬০ ইমেইল: jinatsharmin@gmail.com
৭.	কর্মজীবী মহিলাদের (সক্ষম দম্পতি) প্রজনন স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ	সাভার উপজেলা গার্মেন্টস শিল্পাঞ্চল। কর্মজীবি সক্ষম দম্পতিগণ কর্ম ঘন্টায় ব্যস্ত থাকায় পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা সম্ভব হয় না। পরিবার কল্যাণ সহকারী (৯ টা থেকে ৫ টা)পর্যন্ত কর্ম ঘন্টার বাহিরে ডাটা বেজের মাধ্যমে প্রজনন স্বাস্থ্য সেবা বঞ্চিতদের তালিকা তৈরি করেন এবং মোবাইল এসএমএস এর মাধ্যমে সার্ভিস সেন্টারের তথ্য দেয়া হয় (সিসি,এফডব্লিউ এ এর বাড়ি)। এছাড়া ৫ টা থেকে ৬ টায় বাড়িতে বাড়িতে গিয়ে এবং ছুটির দিনে সেবা প্রদান করা হয়। এতে করে সেবা বঞ্চিতদের প্রায় সবাইকে সেবার আ্ওয়াতায় আনা সম্ভব হয়েছে। ডাটা বেজের বাহিরে থাকায় সেবা বঞ্চিতদের সেবা নেয়া জন্য যোগাযোগ করতে কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন পরিষদের দেয়ালে সেবা প্রদান কারীর নামসহ মোবাইল নাম্বার দেয়া হয়। সাভার উপজেলার তেতুঁলঝোড়া ইউনিয়নের ১/খ ইউনিট , ১১ই জানুয়ারী/১৮ উপজেলা পরিষদের মিটিংএ মাননীয় সাংসদ সদস্যকে অবহিত করে এ পাইলট কর্মসূচি গ্রহণ করা হয় ।	ক. অপরিকল্পিত গর্ভধারণ রোধ । খ. ঝুঁকিপূর্ণ এম আর হ্রাস। গ. সিএআর বৃদ্ধি।	জনাব মোঃ মেজবাহ উদ্দিন উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সাভার, ঢাকা	জনাব মো: মিজানুর রহমান উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা জেলা ফোন: ০১৫৫২৪০৫৭৫০ dddhaka@dgfp.gov.bd

	ইনোভেশনের নাম	**ইনোভেশনের** সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম, পদবি, ফোন ও ই-মেইল
৮.	মাধ্যমিক বিদ্যালয়ে কৈশোরকালীন (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি) প্রজনন স্বাস্থ্য বিষয়ক প্রচারণা	উপজেলা কার্যালয়ের উদ্ভাবন টিম প্রয়োজনীয় রিসোর্স সহকারে পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী বিদ্যালয়ে গমনপূর্বক কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক সেশন পরিচালনা করবে। একই সাথে স্যাটেলাইট টিম উক্ত বিদ্যালয় কেন্দ্রে কার্যক্রম পরিচালনা করবে। প্রকল্প এলাকা: পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা ইউনিয়নে মাধ্যমিক বিদ্যালয়সমূহ। প্রকল্প শুরু ১৩ আগস্ট ২০১৭ এবং শেষ ২৫ এপ্রিল ২০১৯।	বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় এক চতুর্থাংশই কিশোর কিশোরী। সেবাকেন্দ্রগুলো যখন খোলা থাকে বিদ্যালগুলো ও একই সময়ে খোলা থাকে। ফলে চাহিদা থাকা সত্ত্বেও তারা সেবাকেন্দ্রে এসে সেবা নিতে পারে না। এদের স্বাস্থ্যের উপরই ভবিষ্যত প্রজন্মের স্বাস্থ্য ও পুষ্টি নির্ভর করছে। সুতরাং বিদ্যালয়ে তথ্যসেবা ও স্যাটেলাইট সেবার মাধ্যমে এক দিকে যেমন তাদেরকে উন্নত কর সম্ভব, অপরদিকে ভবিষ্যতে পরিবার পরিকল্পনার ড্রপ আউট রোধেও তা ভূমিকা রাখবে। তাছাড়া, তথ্যের অভাবে ডিজিটাল মাধ্যম (ইন্টারনেট)ব্যবহার করে এ বিষয়ে তারা যেভাবে ভ্রান্ত পথে পরিচালিত হচ্ছে সেখান থেকে ও তাদেরকে পজিটিভ সোর্স ব্যবহারে উদ্বুদ্ধ করা যাবে।	১। জনাব সাবিহা কবির উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পঞ্চগড় সদর, পঞ্চগড় ফোন: ০১৭২১০৭৬১৬১ ই-মেইলঃ lusyshabiha@gmail.com (২) জনাব মোঃ শিহাব উদ্দিন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাওনিয়া, রংপুর। ufpokaunia@dgfp.gov.bd ফোন: ০১৯১১১৯৯১২১ (৩) জনাব নাহিদ সুলতানা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেরাণীগঞ্জ, ঢাকা ফোন: ০১৮৪১১৪৪২৪৪ babunahid@gmail.com	১। জনাব সাবিহা কবীর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পঞ্চগড় সদর, পঞ্চগড় ফোন: ০১৭২১০৭৬১৬১ ই-মেইলঃ lusyshabiha@gmail.com (২) জনাব মোঃ সিহাব উদ্দিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। ফোন: ০১৯১১১৯৯১২১ (৩) পরিচালক (এমআইএস) ইউনিট ও ইনোভেশন অফিসার, পরিবার পরিকল্পনা অধিদপ্তর। ফোনঃ 9146262 ই-মেইলঃ dirmisfp@gmail.com
৯.	Peer Group গঠনের মাধ্যমে কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সেবা	১) কমিটি গঠন ও সহকর্মীদের সাথে আলোচনা। ২) স্কুল পর্যায়ে উপকার ভোগীদের সংগে মতামত গ্রহণ, একত্রিকরণ, ,আইডিয়া চূড়ান্তকরণ।	কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সেবার আওতায় আনা,যৌনবাহিত রোগ থেকে রক্ষা	জনাব ডা: প্রিয়াংকা দাস, (এমওএমসিএইচ-এফপি) নাগরপুর,টাংগাইল।	নাম: জনাব লুৎফুল কিবরিয়া পদবী: উপ-পরিচালক,পরিবার পরিকল্পনা ,টাংগাইল।

	ইনোভেশনের নাম	**ইনোভেশনের** সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম, পদবি, ফোন ও ই-মেইল
		৩) জনপ্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা। ৪) কিশোর-কিশোরীদের স্বাস্থ্য সেবা বিষয়ক বিলবোর্ড স্থাপন। টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার ১১টি ইউনিয়নের ১১টি স্কুলে জুন/১৮ থেকে শুরু করে ফেব্রুয়ারি/১৯ পর্যন্ত পাইলট কার্যক্রম চলে।	করা,বাল্য বিবাহ রোধ করা এবং মাতৃমৃত্যু রোধ করা।	মোবাইল: ufponagarpur @dgfp.gov.bd০ ফোন: ০১৬৩০৫১১১৯২	ফোন: ০১৭১২-৭২৫৮৮৫
১০.	প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধির লক্ষ্যে গর্ভবতীর বাড়ীতে হলুদ/সবুজ পাতাকা উত্তোলন	মা ও শিশু মৃত্যু রোধকল্পে প্রসবপূর্ব সেবা, প্রসব সেবা , প্রসব পরবর্তী সেবা মা ও শিশু মৃত্যু রোধ করার লক্ষ্যে গর্ভবতীর বাড়ী চিহ্নিত করার জন্য হলুদ পাতাকা উত্তোলন।	১। কম খরচ। ২। সকল প্রকার সেবা দান কারীর দৃষ্টি আকর্ষণ। ৩। গর্ভবতীর গুরুত্ব সম্পর্কে পরিবারের সদস্যদের সচেতনতা বৃদ্ধি। ৪। প্রসব পূর্ব, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সেবা দান নিশ্চিত করণ । ৫। নবজাতকের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ ও সচেতনতা বৃদ্ধি।	(১) জনাব কাজী মাহফুজুল করিম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। (২) জনাব মোঃ আরফাত হোসেন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দূর্গাপুর, নেত্রকোণা 01921097711	জনাব কাজী মাহফুজুল করিম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। মোবাইল: 01712759197 (২) জনাব মোঃ আরফাত হোসেন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দূর্গাপুর, নেত্রকোণা মোবাইল: 01921097711
১১.	নবদম্পতিদের দেরিতে সন্তান ধারণের জন্য তথ্য ও পদ্ধতি সম্বলিত উপহার বক্স প্রদান।	ব্রাহ্মণবাড়ীয়া জেলার প্রতিটি উপজেলার বিবাহ রেজিস্টার, কাজী, ইমাম, পুরোহিত, পরিবার পরিকল্পনা মাঠকর্মী এবং সংশ্লিষ্ট অন্যান্য স্টেকহোল্ডারদের বাল্যবিবাহের কুফল এবং দেরীতে সন্তান ধারণের সুফল সম্পর্কে অবহিত করা হয়। পরবর্তিতে সংশ্লিস্ট এলাকায় কোন বিবাহ সম্পন্ন হলে বিবাহ আসরে সকলের (বিবাহ রেজিস্টার, কাজী, ইমাম, পরিবার পরিকল্পনা মাঠকর্মী এবং সংশ্লিষ্ট অন্যান্য স্টেকহোল্ডারদের) উপস্থিতিতে পরিবার পরিকল্পনা সম্পর্কিত তথ্য ও পদ্ধতি সম্বলিত উপহার বাক্স নব-দম্পতিদের হাতে তুলে দেওয়া হয় এবং এ সম্পর্কে তাদেরকে সামগ্রিক ধারণা দেওয়া হয়। উপহার বাক্সে একটি	• দেশের মাতৃ ও শিশুমৃত্যু হার কমিয়ে আনা। • উপযুক্ত সময়ে গর্ভ ধারণ করে পরিকল্পিত ও সুখী পরিবার গঠন করা। • অনাকাঙ্খিত গর্ভধারনের ঝুকি প্রতিরোধ	ফিল্ড সার্ভিস ডেলিভারী ইউনিট	জনাব ইন্দ্রাণী দেবনাথ ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার এফএসডি ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর। ফোন: ০১৭১৪৪০৩২৫৩

	ইনোভেশনের নাম	**ইনোভেশনের** সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম, পদবি, ফোন ও ই-মেইল
		বুকলেট, খাবার বড়ি ও কনডম সম্পর্কিত লিফলেট, খাবার বড়ি, কনডম, দেয়াল ঘড়ি এবং অভিনন্দন পত্র দেওয়া আছে। পরবর্তীতে তাদের সাথে যোগাযোগ করে উপহার বাক্সের গ্রহণযোগ্যতা যাচাই করা হয়; এটি সম্পন্ন হয় ২০১৭ সালে।			
১২.	পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানে ই-এমআইএস কার্যক্রম	সেবা প্রতিষ্ঠান ভিত্তিক ও মাঠপর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবা গ্রহীতাদের জনমিতিক তথ্য ও সেবা গ্রহণ তথ্য ইলেকট্রনিক ডিভাইসে সংরক্ষণ করা হয়। এর মাধ্যমে মাঠকর্মী নিজে, সুপারভাইজারগণ সেবা প্রদান, সেবা গ্রহণসহ সক্ষম দম্পতিদের প্রয়োজনীয়তা সহজে পর্যবেক্ষণ, যাচাই করতে পারেন। এর ফলে সেবা গ্রহীতাদের ড্রপআউট, ডুপ্লিকেশন, এবং তথ্যের গুণগত মান নিশ্চিত করা সহজ হয়েছে। নোটিফিকেশনের এর মাধ্যমে সেবা প্রহীতাদের সম্ভাব্য সেবার তথ্য সেবা প্রদানকারী পূর্বে জানতে পেরে সেবাগ্রহণকারীকে উদ্বুদ্ধ করতে পারেন। এর প্রেক্ষিতে প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা, প্রসূতি সেবা এবং প্রসব পরবর্তী সেবা প্রদান বৃদ্ধি পেয়েছে। এসংক্রান্ত তথ্যের ডুপ্লিকেশন কমেছে।	সেবা গ্রহীতার তথ্যের ডুপ্লিকেশন, ড্রপআউট হার কমিয়ে আনা, উদ্দিষ্ট গ্রহীতাকে চিহ্নিত করা সহজতর হয়েছে। পূর্বে ম্যানুয়েল পদ্ধতিতে এসব তথ্য সংগৃহীত হতো। তথ্য সংগ্রহে সেবা প্রদানকারীর অনেক সময় ব্যয় হতো। তথ্যের সঠিকতা নিশ্চিত করা যেতো না। সক্ষম দম্পতি বৃদ্ধি পাওয়ায় ফলোআপ, তথ্যসংগ্রহ, সংরক্ষণ এবং সুপারভিশন সময় স্বাপেক্ষ হয়ে পড়েছিল। ই-এমআইএস কার্যক্রম তা সহজসাধ্য করতে সহায়তা করছে।	উন্নয়ন সহযোগি সংস্থা (USAID)র সহায়তায় ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।	জনাব অজয় রতন বড়ুয়া উপপরিচালক (এমআইএস) পরিবার পরিকল্পনা অধিদপ্তর। ফোন: ০১৭১১৯৩৯২৫১

স্বা:
(মনোজ কুমার রায়)
পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমআইএস)
এবং
ইনোভেশন অফিসার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোন: ০২-৯১৪৬২৬২